

২১তম সিটি কাউন্সিল ডিসট্রিক্ট

জুলিসা ফারেরাস (Julissa Ferreras) (D)

হ্যালো, আমার নাম Julissa Ferreras এবং আমি আপনার সিটি কাউন্সিলমেশ্বার পদে পুনর্নির্বাচিত হতে নির্বাচন করছি।

প্রথমবার নির্বাচিত হবার পর আমার সম্পন্ন কাজের জন্য আমি আজ গর্বিত, যেমন রুজভেন্ট এ্যাভেনিউ করার জন্য নতুনভাবে প্রক্রিয়া শুরু করেছি যার ফলে কর্মসংস্থান সৃষ্টি হবে, অপরাধ প্রবনতা নেমে আসবে এবং প্রানচাঞ্চল্যে ভরা ক্ষুদ্র ক্ষুদ্র ব্যবসায়ী পল্লীর সৃষ্টি হবে।

এছাড়াও, আমাদের ডিস্ট্রিক্টে যে ছয়টি স্কুল গড়ে তোলা হবে যেখানে ছেলেমেয়েদের প্রত্যাশিত শিক্ষা অর্জনের প্রতিশ্রুতি বিদ্যমান।

বেতন সহ অসুস্থতা জনিত ছুটি অনুমোদন মানে হচ্ছে আপনার চাকরির অধিকতর নিরাপত্তা।

আমরা Stop & Frisk ব্যবহার সংস্কারে কঠোর পরিশ্রম করে যাচ্ছি, যার ফলে আমাদের সমাজব্যবস্থা নিরাপদ বোধ করবে এবং অপরাধের মাত্রা নিম্নগামী হবে।

আমরা কমিউনিটি ফুটবল মাঠটিকে নতুন করে খেলার উপযোগী করে তুলেছি। যৌন কর্মী পাচার বন্ধের জন্য আরো অধিক উন্নত ধরনের আইন প্রয়োগের ব্যবস্থা নিশ্চিত করেছি, স্বাস্থ্য সেবা ব্যবস্থা সম্প্রসারণ করেছি, কবোনা প্লাজা, ৮২ তম সেন্ট বিজনেস ইমপ্রভমেন্ট ডিসট্রিক্টকে আরো বেশী করে মর্যাদার আসনে বসিয়েছি এবং সেনিটেশন ব্যবস্থা দ্বিগুন করেছি।

প্রতিদিনই আমি প্রয়োজনীয় তহবিল ও কমিউনিটির সম্পদের জন্য যথেষ্ট শ্রম দান করি।

একত্রে কাজ করার মাধ্যমে আমরা কমিউনিটিকে অগ্রসর করছি।

আরো কিছু কাজ রয়েছে যা আমাদেরকে করতে হবে।

সকলের জন্য অর্থনৈতিক সুবিধাগুলোর দ্বার সম্প্রসারিত করতে চাই।

সবুজঘাসে ভরা চত্তরে বাড়তে চাই যেখানে আমাদের পরিবারের লোক এসে জড়ো হতে পারে, সময় কাটাতে পারে।

এবং আমাদের শিশুদের শিক্ষার জন্য আমাদের আরো অনেক কিছু করে যেতে হবে।

আমি যদি পুনরায় নির্বাচিত হই, তবে এই কমিউনিটিকে সামনের দিকে এগিয়ে নিতে প্রতিটি দিনই লড়াই করে যাব।

সিটি কাউন্সিলে আপনাদের সেবাদানের সুযোগ করে দেয়ার জন্য ধন্যবাদ।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*